

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮২৭

মোহনপুর, ২৫ জুলাই, ২০২৪

৭৮তম স্বাধীনতা দিবস

মোহনপুর মহকুমায় প্রস্তুতি সভা

যথাযোগ্য মর্যাদায় আগামী ১৫ আগস্ট মোহনপুর মহকুমা ভিত্তিক ৭৮তম স্বাধীনতা দিবস উদযাপন করা হবে। এ উপলক্ষে গতকাল মোহনপুর মহকুমা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত। সভায় উপস্থিত ছিলেন মোহনপুর মহকুমার মহকুমা পুলিশ আধিকারিক বিজয় সেন, মোহনপুর মহকুমা শাসক কার্যালয়ের ডিসিগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয় আগামী ১৫ আগস্ট মোহনপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে সকাল ৯টায় আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। তাছাড়া মহকুমার বিভিন্ন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও প্রোটেকটিভ হোমের বাসিন্দাদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হবে। তাছাড়াও অনুষ্ঠিত হবে প্রীতি ফুটবল ম্যাচ ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

\*\*\*\*\*